## বাংলা শব্দের শুদ্ধ উচ্চারন ঃ

| শব্দ | উচ্চারন |
|---|---|
| অভ্যাস | ওভ্যাশ |
| অত্যন্ত | ওততোনতো |
| অমনি | ওমনি |
| অধ্যায় | ওদধায় |
| অভ্যস্ত | ওবভোসতো |
| আহ্বান | আওভান |
| আহ্বায়ক | আওভায়োক |
| উপলক্ষ | উপলোকখো |
| এ | অ্যাক |
| একাডেমি | অ্যাকাডেমি |

## য-্য ফলা

১। য-ফলা সবসময়ই অন্য বর্ণের সাথে যুক্ত হয়। কোনো শব্দের শুরুর বর্ণের সাথে যদি য-ফলা যুক্ত হয় তবে বর্ণটি উচ্চারণে সামান্য শ্বাসাঘাত পড়ে। যদি শব্দের শুরুর অ-কারান্ত বা আ-কারান্তর সাথে য-ফলা যুক্ত হয় তবে তার উচ্চারন 'অ্যা' এর মতো উচ্চারিত হয়।

**উদাহরণ -**

| | | |
|---|---|---|
| ব্যস্ত | - | ব্যাস্-তো |
| ব্যগ্র | - | ব্যাগ্-গ্রো |
| ন্যস্ত | - | ন্যাস্-তো |
| ব্যথা | - | ব্যাথা |
| ব্যবস্থা | - | ব্যাবোস্-থা |
| ব্যবধান | - | ব্যাবোধান্ |
| ব্যবসা | - | ব্যাবোশা/ব্যাব্-শা |
| ব্যাঙ | - | ব্যাঙ্ |
| ব্যাকরণ | - | ব্যাকোরোন্ |
| ব্যাঘাত | - | ব্যাঘাত্ |
| ধ্যান | - | ধ্যান্ |
| ব্যাহত | - | ব্যাহতো |

২। শব্দের শুরুতে 'অ' কারান্ত বর্ণের সাথে সংযুক্ত য-ফলার পরে যদি ই-কার বা ঈ-কার থাকে তবে সেই ক্ষেত্রে তার উচ্চারণ 'অ্যা' এর মতো উচ্চারণ না হয়ে 'এ' এর মতো উচ্চারিত হবে।

**উদাহরণ -**

| | | |
|---|---|---|
| ব্যতিক্রম | - | বেতিক্-ক্রোম |
| ব্যক্তি | - | বেক্-তি |
| ব্যক্তিত্ব | - | বেক্-তিত্-তো |
| ব্যতীত | - | বেতিতো |
| ব্যথিত | - | বেথিতো |
| ত্যজিয়া | - | তেজিয়া |
| অপব্যয়ী | - | অপোববেয়ি |

৩। শব্দের মাঝে এবং শেষের বর্ণে যদি য-ফলা যুক্ত হয় তবে সেই বর্ণটি দুইবার উচ্চারিত হয়।

**উদাহরণ -**

| | | |
|---|---|---|
| শস্য | - | শোশ্-শো |
| সভ্য | - | শোব্-ভো |
| কন্যা | - | কোন্-না |
| বন্যা | - | বোন্-না |
| মধ্য | - | মোদ্-ধো |
| লভ্য | - | লোব্-ভো |
| বাধ্য | - | বাদ্-ধো |
| তথ্য | - | তোত্-থো |
| কথ্য | - | কোত্-থো |

৪। শব্দের মাঝখানে বা শেষে যুক্ত ব্যঞ্জনবর্ণের সাথে যদি য-ফলা যুক্ত হয় তবে তার কোনো উচ্চারণ থাকে না।

উদাহরণ -

| | | |
|---|---|---|
| স্বাস্থ্য | - | শাস্-থো |
| সন্ধ্যা | - | শোন্-ধা |
| সন্ন্যাসী | - | শোন্-নাশি |
| কণ্ঠ্য | - | কন্-ঠো |
| বন্ধ্যা | - | বন্-ধা |
| অর্ঘ্য | - | অর্-ঘো |
| হর্ম্য | - | হর্-মো |

## কি ও কী

★ তুমি কি খেয়েছ? (হ্যাঁ/ন)

- তুমি কী খেয়েছ (ব্যাখ্যা)

★ তুমি কি যাবে/খাবে/পড়বে?

**বিশেষ দ্রষ্টব্য ....**

প্রতিটি সিট গুরুত্বপূর্ণভাবে মুখস্ত করি এগুলো বলা এবং লেখার সময় আমরা প্রয়োগ করব।